



ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি:

স্টেশন রোড শাখা, চট্টগ্রাম।

অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি: স্টেশন রোড শাখা, চট্টগ্রাম এর ঋণ গ্রহীতা মেসার্স আমেনা ফিশিং এর প্রোপাইটর নুর মোহাম্মদ, পিতা - মৃত আব্দুল করিম, ঠিকানা - কক্ষ নং ০১, বি এফ ডি সি, মৎস্য প্রসেসিং এন্ড ল্যান্ডিং সেন্টার, মনোহরখালী, ব্রিজ ঘাট কোতোয়ালী, চট্টগ্রাম কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিঃ তফসিলভুক্ত সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিল মূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিল মূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণ গ্রহীতা মঞ্জুরী পত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করাই বিগত ১১.০৫.২০১৬ ইং তারিখ পর্যন্ত সি সি (হাইপো) ঋণ বাবদ ব্যাংকের পাওনা ৭২,৮৯,১৩৯.১৮ (বাহাত্তর লক্ষ উননব্বই হাজার একশত উনচলিশ টাকা আঠার পয়সা) টাকা এবং এস ও ডি ঋণ বাবদ ব্যাংকের পাওনা ৪,৫৩,৩৫৪.৬১ (চার লক্ষ তিপাল্ল হাজার তিন শত চুয়ান্ন টাকা একষট্টি পয়সা) টাকা মোট ৭৭,৪২,৪৯৩.৭৯ (সাতাত্তর লক্ষ বিয়াল্লিশ হাজার চার শত তিরানব্বই টাকা উনাশি পয়সা) টাকা সহ অন্যান্য আনুষঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিঃ বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে /প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল :

জিলা : চট্টগ্রাম, থানা বন্দর বর্তমানে বাকলিয়া, মৌজা - বাকলিয়া, সাব রেজিষ্টার অফিস চট্টগ্রাম সদর , পট নং- জি - ২১৬ রোড নং - ২৫, লে-আউট প্লান নং -PW/27/2008 A dated December 2008, কল্ললোক আবাসিক এলাকা (২য় পর্ব), চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, বি এস নামজারী খতিয়ান নং ৩১৫১, দাগ নং ৪৩৬৫ (অংশ), ৪৩৬৬ (অংশ), ৪৩৬৭ (অংশ)। মোট জমির পরিমাণ ৪.১৩ ডেসিমেল বা ২.৫০ কাঠা বা ১৮০০ ব:ফুট।

নিলামের শর্তাবলী

১। আগামী ২০/০৬/২০১৬ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি: স্টেশন রোড শাখা, চট্টগ্রাম এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্র দাতাকে উদ্বৃত্ত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি: স্টেশন রোড শাখা, চট্টগ্রাম এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। উদ্বৃত্ত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

৪। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিপূর্ণ বা কম প্রতীয়মান হইলে নিঃস্বাক্ষরকারী উক্তদর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন -রেজিস্ট্রেশন ফি,স্ট্রাম্প ডিউটি,বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, সিটি কর্পোরেশন, ওয়াসা, পি.ডি.বি/পল্লীবিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।



নিলাম ক্রয়ের শর্তাবলী

- ৬। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব, স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- ৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৮। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক ইউনাইটেড কর্মাশিয়াল ব্যাংক লি., স্টেশন রোড শাখা, চট্টগ্রাম।